http://www.elearninginfo.in

**2021/TDC/CBCS/ODD/**
**BNGHCC–301T/362**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–301T

**( বাংলা ভাষাতত্ত্ব )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : ২×১০=২০

১। প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো। এই যুগের নিদর্শন কোন্ ভাষাতে পাওয়া যায়?

২। মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরের পর্বগত নাম কী? এর যে কোনো একটি আঞ্চলিক রূপের নাম লেখো।

৩। মাগধীর পূর্বীশাখা থেকে প্রথমে কয়টি আধুনিক ভাষার জন্ম হয়েছিল? সেগুলোর নাম উল্লেখ করো।

http://www.elearninginfo.in



৪। 'সসুরা নিদ গেল বহুড়ী জাগঅ'—কোন্ স্তরের বাংলা ভাষার নিদর্শন? এই স্তরের বাংলা ভাষায় অধিকরণের বিভক্তিগুলোর মধ্যে কোন্ বিভক্তির প্রয়োগ ব্যাপক ছিল?

৫। আদি-মধ্য বাংলার প্রধান ছন্দের নাম কী? এই ছন্দের প্রতি পদে কয়টি মাত্রা ছিল?

৬। অন্ত্য-মধ্য বাংলার দুটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।

৭। উপভাষা কয় প্রকার ও কী কী?

৮। বর্তমান পশ্চিমবঙ্গের প্রধান উপভাষা কী? সে>হে, বসো>বহো — এরকম 'স' স্থানে 'হ' উচ্চারণ আধুনিক বাংলার কোন্ উপভাষায় পরিলক্ষিত হয়?

৯। 'সন্দেশ' শব্দের আদি অর্থ ছিল কুশলবার্তা নেবার সঙ্গে মিষ্টান্ন ও উপহার। বর্তমানে শব্দটি ছানা-চিনি সংযোগে প্রস্তুত বিশেষ মিষ্টি হিসেবে ব্যবহৃত হয়। এরকম অর্থ-পরিবর্তনের কারণটির নাম কী এবং অর্থ-পরিবর্তনের কোন্ ধারা এখানে অনুসৃত হয়েছে?

১০। আদিস্বরলোপ ও অন্ত্যস্বরলোপের একটি করে উদাহরণ দাও।

১১। ঐতিহ্যগত ব্যাকরণে গঠনগত দিক থেকে বাক্যকে কয়টি শ্রেণীতে ভাগ করা হয় এবং তা কী কী?

১২। বাংলা বাক্যে পদের স্বাভাবিক ক্রম উল্লেখ করো।





১৩। সমস্যমান পদ ও বিগ্রহ বাক্যের একটি করে উদাহরণ দাও।

১৪। নিম্নরেখ পদগুলিতে কোন্ কারকে কোন্ বিভক্তি হয়েছে লেখো :

(ক) যেখানে বাঘের ভয় সেখানেই রাত হয়।

(খ) বেদনায় ভরে গিয়েছে পেয়ালা।

১৫। অপাদান কারকের প্রধান বৈশিষ্ট্য কী, উদাহরণসহ লেখো।

## SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০

১৬। প্রাচীন ভারতীয় আর্যভাষার লক্ষণসমূহের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭। প্রাকৃত ভাষা কোন্ ভাষা থেকে জন্মলাভ করেছে? যে কোনো একটি সাহিত্যিক প্রাকৃতের বৈশিষ্ট্য আলোচনা করো। ১+৯=১০

১৮। অন্ত্য-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৯। আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

২০। উদাহরণ সহযোগে 'বরেন্দ্রী' অথবা 'বঙ্গালী' উপভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও।

http://www.elearninginfo.in



২১। উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি ধারার পরিচয় দাও।

২২। শুদ্ধ বাক্যের ত্রি-সূত্র উদাহরণসহ আলোচনা করো।

২৩। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২৪। বহুব্রীহি সমাস কাকে বলে? ব্যধিকরণ, সমানাধিকরণ এবং সংখ্যা বহুব্রীহি সমাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৮=১০

২৫। অধিকরণ কারক কাকে বলে? অধিকরণ কারক কত প্রকার ও কী কী? অধিকরণ কারকের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো। ২+২+৬=১০

★★★